

ধুনট পৌরসভা কার্যালয়
ধুনট, বগুড়া।

www.dmbogura.gov.bd



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মন্ত্রণালয়

তারিখঃ ২৫.০১.২০২২ খ্রিঃ।

স্মারক নং-ধুপস/সাধা-১-৬/২০২২-৫৭

ইজারা বিজ্ঞপ্তি নং- ০৩/২০২১-২০২২

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধুনট পৌরসভাধীন নিম্নেবর্ণিত হাট-বাজার মহল/পশু জবাই মহল বাংলা ১৪২৯ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য অস্থায়ী ভিত্তিতে সরকারি নীতিমালা অনুযায়ী ইজারা প্রদানের লক্ষ্যে আহ্বানী ব্যক্তি/প্রতিষ্ঠান/মালিকগণের নিকট হতে সিলমোহরস্বত্ব খামে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউলসমূহ নিম্নোক্ত তারিখে অফিস চলাকালীন সময় পর্যন্ত (ক) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, বগুড়া (খ) উপজেলা নির্বাহী অফিসার, ধুনট-বগুড়া (গ) সহকারি কমিশনার (ভূমি), ধুনট-বগুড়া (ঘ) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, ধুনট শাখা, বগুড়া (ঙ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ধুনট থানা, বগুড়া এবং (চ) অত্র পৌরসভা কার্যালয়ের হিসাব শাখা হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎযোগ্য) জম্য করা যাবে। দরপত্রসমূহ (ক) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, বগুড়া (খ) পুলিশ সুপারের কার্যালয়, বগুড়া (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধুনট-বগুড়া এবং (ঘ) ধুনট পৌরসভা কার্যালয়ে রক্ষিত দরপত্র ব্যস্তে দাখিল করা যাবে। সকল দরপত্রসমূহ পৌরসভা কার্যালয়ে খোলা হবে।

ইজারার বিবরণঃ

ক্রঃ নং	ইজারার নাম	অবস্থান	১৪২৮ সনের সরকারি মূল্য (তিন বছরের ইজারা মূল্যের গড়ের সাথে অতিরিক্ত ৬% বর্ধিত মূল্য)	দরপত্র ফরমের মূল্য (অফেরৎ যোগ্য)
০১	ধুনট হাট-বাজার	ধুনট পৌরসভা	২৭,৫৩,৯৮৬.০০	৬,২০০.০০
০২	পশু জবাই ফি	পৌর এলাকা	৬৪,২৪২.০০	৫০০.০

দরপত্র ক্যালেন্ডারঃ

ডাক সমূহ	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র জমা দেয়ার তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম	০৮.০২.২০২২ খ্রিঃ	০৯.০২.২০২২ খ্রিঃ বেলা-১.০০ টা পর্যন্ত	০৯.০২.২০২২ খ্রিঃ বিকাল-২.০০ টায়	উল্লেখ্য যে, ১ম বার দরপত্র অনুষ্ঠানে দাখিলকৃত দর অনুমোদিত না হলে পর্যায়ক্রমে দরপত্র অনুষ্ঠান প্রক্রিয়া অব্যাহত থাকবে। তবে যে কোন বার দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে তৎপরকর্তী দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম সমাপ্ত বলে গণ্য হইবে।
২য়	২৭.০২.২০২২ খ্রিঃ	২৮.০২.২০২২ খ্রিঃ বেলা-১.০০ টা পর্যন্ত	২৮.০২.২০২২ খ্রিঃ বিকাল-২.০০ টায়	
৩য়	১৫.০৩.২০২২ খ্রিঃ	১৬.০৩.২০২২ খ্রিঃ বেলা-১.০০ টা পর্যন্ত	১৬.০৩.২০২২ খ্রিঃ বিকাল-২.০০ টায়	

১৪২৯ বাংলা সনের ধুনট হাট বাজার ইজারার শর্তাবলী।

- ১। ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪২৯ বাংলা সনের ৩০ চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেওয়া হইবে।
- ২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসীলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে মেয়র **ধুনট পৌরসভা, বগুড়া** এর **অনুকূলে জমা দিতে হইবে**। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যাহত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপন করা হইবে।
- ৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র স্বাবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের **অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সূচ্যোজন কর) অবশিষ্ট একই সংশ্লিষ্ট পরিশোধ করিতে হইবে**, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত **বাজ্যোগ্যপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে**।
- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।
- ৫। এক বাজারের জন্য ত্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।
- ৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- ৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবে না।